

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সাভার, ঢাকা।

স্মারক নং- ৩৪.০১.২৬৭২.০১৭.৪৫.০৩২.১৫-১৩১৪

তাং-০৯/০৭/২০১৮খ্রিঃ

বিষয় : বেসরকারী স্বেচ্ছাসেবী যুব সংগঠন এর সক্রিয় সদস্য (সংগঠনের চাকুরিজীবী নয়) মনোনয়ন প্রসঙ্গে।

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ধীন শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, সাভার, ঢাকায় “শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রকে শক্তিশালী ও আধুনিকীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় আগামী ১৫-০৭-২০১৮খ্রিঃ তারিখ হতে ১১-০৮-২০১৮খ্রিঃ তারিখ পর্যন্ত অনুষ্ঠিতব্য ০৪ (চার) সপ্তাহ মেয়াদী ‘Communicative English’ বিষয়ক প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত জেলার পার্শ্বে উল্লেখিত সংখ্যক যুব সংগঠনের সদস্য/সদস্যা মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হলো।

ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা	ক্র. নং	জেলার নাম	প্রশিক্ষার্থীর সংখ্যা
০১	ঢাকা	০৪ জন	১৩	সিলেট	০২ জন
০২	ময়মনসিংহ	০২ জন	১৪	মৌলভীবাজার	০২জন
০৩	ফরিদপুর	০২ জন	১৫	রাজশাহী	০২ জন
০৪	নেত্রকোনা	০২ জন	১৬	দিনাজপুর	০২ জন
০৫	টাঙ্গাইল	০২ জন	১৭	বগুড়া	০২ জন
০৬	চট্টগ্রাম	০২ জন	১৮	পাবনা	০২ জন
০৭	ফেনী	০২ জন	১৯	খুলনা	০২ জন
০৮	নোয়াখালী	০২ জন	২০	যশোর	০২ জন
০৯	লক্ষ্মীপুর	০২ জন	২১	মাগুরা	০২ জন
১০	কুমিল্লা	০২ জন	২২	কুষ্টিয়া	০২ জন
১১	চাঁদপুর	০২ জন	২৩	বরিশাল	০২ জন
১২	ব্রাহ্মণবাড়িয়া	০২ জন	২৪	পটুয়াখালী	০২ জন
				সর্বমোট =	৫০ জন

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় অনুমোদন রয়েছে।

প্রশিক্ষার্থী নির্বাচনে অবশ্য বিবেচ্য বিষয়সমূহঃ

- ০১। নির্বাচিত প্রার্থীগণের শিক্ষাগত যোগ্যতা সর্বনিম্ন এইচ,এস,সি/সমমান (ইংরেজীতে দক্ষতা থাকলে ভাল হয়) এবং বয়সসীমা ১৮ হতে ৩৫ বছর হতে হবে।
- ০২। প্রার্থীগণ যুব সংগঠনের সদস্য/সদস্যা হতে হবে এবং যুব মহিলাগণকে অগ্রাধিকার দিতে হবে।
- ০৩। এইচ.এস.সি/সমমান সনদের সত্যায়িত ফটোকপি ও NID-র ফটোকপি সঙ্গে আনতে হবে।
- ০৪। প্রশিক্ষার্থীকে দৈনিক খাওয়া এবং অন্যান্য ব্যয় বাবদ ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা হারে ভাতা প্রদান করা হবে।
- ০৫। প্রত্যেক প্রশিক্ষার্থীকে দূরত্ব অনুসারে যাতায়াত ভাতা প্রদান করা হবে। প্রতিজনকে গড়ে ১,০০০/- টাকা (দুহাজার উপর কম-বেশী হবে)।
- ০৬। প্রশিক্ষণদানের লক্ষ্য যুবদের সুশুণ্ড গুণাবলীর বিকাশ, উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি ও আত্মকর্মসংস্থান সৃজন।
- ০৭। ইতোপূর্বে অত্র কেন্দ্রের প্রশিক্ষণ কোর্সে যাদের মনোনয়ন দেয়া হয়েছে তাদেরকে মনোনয়ন না দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। মনোনীত প্রশিক্ষার্থীগণকে কোর্স শুরু করার আগের দিন (১৪-০৭-২০১৮খ্রিঃ তারিখ শনিবার) বিকাল ০৫:০০ ঘটিকায় অত্র ইনস্টিটিউটের হোস্টেল সুপারিনটেনডেন্ট এর নিকট রিপোর্ট করতে হবে।

প্রাপক : ০১। উপ-পরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর, -----জেলা।


স্বাক্ষরিত
(মোরশেদ উদ্দিন আহমদ)
পরিচালক (অঃ দঃ)
ফোন : ০২-৭৭৯২১১৮।

স্মারক নং- ৩৪.০১.২৬৭২.০১৭.৪৫.০৩২.১৫-১৩১৪

তাং-০৯/০৭/২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ০১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক (বাস্তবায়ন, মনিটরিং ও যুব সংগঠন), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০৪। সহকারী পরিচালক, আই.সি.টি শাখা, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা। তাঁকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সহকারী পরিচালক (প্রশাসন/অর্থ/গবেষণা/প্রকাশনা)/ফিজিক্যাল ইন্সট্রাক্টর/হোস্টেল সুপারিনটেনডেন্ট/তথ্য কেন্দ্র, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা।
- ০৬। কম্পিউটার অপারেটর, শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সাভার, ঢাকা। পত্রটি শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউটের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। অফিস কপি।


৯/৭/২০১৮
(ড. মোঃ শহীদুল ইসলাম)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ)
ফোন : ০২-৭৭৯১৮৬০।